

## বই পরিচিতি

চাণক্যশ্লোক

মূল, অন্বয়, শব্দার্থ এবং বঙ্গানুবাদ


অনুবাদ: আতিকুল অক্ষম

সম্পাদনা: অধ্যাপক নিরঞ্জন অধিকারী

প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০১৪

প্রকাশক: প্রজ্ঞা

পরিবেশক: পার্ল পাবলিকেশন্স



সমাজ ও জীবনের ক্ষেত্রে চাণক্যশ্লোকের গুরুত্ব অপারিসীম। অজ্ঞ ও চাণক্যশ্লোকের নৈতিক শিক্ষা সমাজ ও জীবনের অনেক ক্ষেত্রেই প্রাসঙ্গিক। 'চাণক্যশ্লোক' গ্রন্থটি একুশে বইমেলা ২০১৪ উপলক্ষে প্রকাশ করেছে বেসরকারি গবেষণা সংস্থা প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান)। গ্রন্থটির পরিবেশক পার্ল পাবলিকেশন্স। 'চাণক্যশ্লোক' অনুবাদ করেছেন অকাল প্রয়াত লেখক আতিকুল অক্ষম এবং সম্পাদনা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের বিশিষ্ট শিক্ষক অধ্যাপক নিরঞ্জন অধিকারী।

কে এই চাণক্য?

জানা গেছে, চাণক্য প্রাচীন ভারতে একজন সুদক্ষ কূটনীতিজ্ঞ ছিলেন। তিনি মৌর্য বংশীয় নৃপতি চন্দ্রগুপ্তের মন্ত্রীও ছিলেন। ছিলেন 'অর্থশাস্ত্র' নামক রাজনীতি বিষয়ক একটি গ্রন্থের রচয়িতা। কৌটিল্য তাঁরই অপর নাম। অনেকে বলেন, তিনি অল্প বিষ্ণুগুপ্ত অভিন্ন ব্যক্তি। চাণক্যের পরিচয় নিয়ে বিতর্ক থাকলেও তাঁর রচিত শ্লোকগুলোর সারবত্তা নিয়ে কোনো বিতর্ক নেই। বরং অবস্থা এমনই যে গ্রন্থটিতে অনেক নীতিশ্লোক প্রক্ষিপ্ত হয়েছে। কিন্তু কোনটি

চাণক্যের অল্প কোনটি প্রক্ষিপ্ত তা নির্ণয় করা প্রায় অসম্ভব। তাই সম্পাদিত গ্রন্থগুলোর মধ্যে সর্বাংশে মিল পাওয়া যায় না। তবে ভাবগ্রাহী পাঠকের তাতে অসুবিধা হওয়ার কথা নয়। তাঁরা মর্মগ্রহণে তৃপ্ত হলেই গ্রন্থের সার্থকতা। গ্রন্থটিতে 'মূল', 'অন্বয়', 'শব্দার্থ'র পর সবশেষে 'বঙ্গানুবাদ' সন্নিবেশিত হয়েছে। পাঠক পার্ল পাবলিকেশন্স এর আউটলেট ছাড়াও প্রজ্ঞা থেকে গ্রন্থটি ৩৫০ টাকা শুভেচ্ছা মূল্যে সংগ্রহ করতে পারবেন।